রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৩ সনের ৫০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৪, ২০২৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৮৬৫—৮৬৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৫৭৯—১৬০৯ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৪৩৩—১৩৪৩ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### পররাষ্ট্র মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ : ১৭ কার্তিক ১৪৩০/০২ নভেম্বর ২০২৩

নং ১৯.০০.০০০০.৮৫৫.২৭.০০৭.২০২২/৩০৯—যেহেতু, জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, প্রশাসনিক কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্ক-এ প্রশাসনিক কর্মকর্তা হিসেবে ০৬ বছরের বেশি সময় পূর্তিতে মন্ত্রণালয়ের অফিস আদেশ নং-এডি-পি(২)-০৪০২/২৬৩, তারিখ ১০ আগস্ট ২০২০ মোতাবেক মিশন হতে পররাষ্ট্র মন্ত্রণালয়ে বদলি এবং তৎপ্রেক্ষিতে ৩১ মার্চ ২০২১ তারিখে মিশন থেকে অবমুক্ত হন; এবং

যেহেতু, বিধি মোতাবেক ০৮ এপ্রিল ২০২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে যোগদান করার কথা থাকলেও কোন ধরনের অনুমোদন ব্যতিরেকে তিনি দীর্ঘ ১ বছর ৮৮ দিন অনুপস্থিতির পর গত ৬ জুলাই ২০২২ তারিখে মন্ত্রণালয়ে যোগদান করেন এবং সর্বশেষ বেতন পত্রের প্রত্যয়ন পত্র অনুযায়ী তিনি তার, তার স্ত্রী ও দুই অপ্রাপ্তবয়স্ক সন্তানের জন্য মন্ত্রণালয়ে বদলিজনিত সকল ভাতাদি গ্রহণ করা সত্ত্বেও অদ্যাবধি তার পরিবারকে বাংলাদেশে ফিরিয়ে আনেন নি; এবং

যেহেতু, তার এহেন কর্মকাণ্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর পর্যায়ভুক্ত দণ্ডনীয় অপরাধ। এ অভিযোগে ০৭/২০২২ নং বিভাগীয় মামলা রুজু করে ১০ অক্টোবর ২০২২ তারিখের স্মারক নং ১৯.০০.০০০০.৮৫৫.২৭.০০৭.২০২২/ ১১৪ এর মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার নিকট প্রেরণ করা হয়; এবং

যেহেতু, তিনি অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানি গ্রহণের জন্য অনুরোধ করেন। তার আবেদন অনুযায়ী বিগত ২৬ ডিসেম্বর ২০২২ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। শুনানি অন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য বিধি মোতাবেক একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তার ৭ আগস্ট ২০২৩ তারিখের তদন্ত

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

প্রতিবেদন অনুযায়ী সার্বিক পর্যালোচনান্তে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী গঠিত যথাক্রমে 'অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহীতীতভাবে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে একই বিধিমালার বিধি ৪(৩)(ক) মোতাবেক 'নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ' গুরুদন্ড কেন আরোপ করা হবে না জানতে চেয়ে তাকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ১৯.০০. ০০০০.৮৫৫.২৭.০০৭.২০২২/২৮১, তারিখঃ ০৯ অক্টোবর ২০২৩ এর মাধ্যমে 'দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ' প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি 'দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ'-এর জবাব দাখিল করেছেন এবং গুরুদণ্ডের বিষয়ে তাঁর দ্বিমত নেই মর্মে জবাবে উল্লেখ করেছেন;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহীতীতভাবে প্রমাণিত হওয়ায় জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, প্রশাসনিক কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, এর বিরুদ্ধে একই বিধিমালার বিধি ৪(৩)(ক) মোতাবেক 'নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ' (জাতীয় বেতন স্কেল, ২০১৫ গ্রেড ৭ম হতে ৮ম গ্রেডের আওতায় মূল বেতন ২৩০০০ টাকায় (কথায়: টাকা তেইশ হাজার মাত্র) অবনমিতকরণ) গুরুদণ্ড প্রদান করা হলো। এই দন্ড আগামী ১৪ অক্টোবর ২০২৫ তারিখ পর্যন্ত কার্যকর থাকবে এবং উক্ত গ্রেড অবনমিতকরণকাল তার বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে। তার ০৮ এপ্রিল ২০২১ তারিখ হতে ০৫ জুলাই ২০২২ তারিখ পর্যন্ত অননুমোদিত অনুপস্থিতিকাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করা হবে।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাসুদ বিন মোমেন**
পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব)।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ : ১৩ কার্তিক ১৪৩০/২৯ অক্টোবর ২০২৩

নং ১০.০০.০০০০.১৩০.১১.০২৪.২৩.৪৩৭—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ)-এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোহাম্মদ একরামুল ইসলাম, পিতা-মোঃ আজহারুল ইসলাম, মাতা-হোসনে আরা ইসলাম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ-এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ২০ কার্তিক ১৪৩০/০৫ নভেম্বর ২০২৩

নং ১০.০০.০০০০.১৩১.১১.১৫৬.৭৮(১)-৩৭৪—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মো. রাফিউল ইসলাম, জন্ম তারিখ: ০৬-০১-১৯৮৮ খ্রি., পিতা- মোঃ হামিদুল ইসলাম, মাতা-মোকছেদা বেগম, গ্রাম-চককাউরিয়া, ওয়ার্ড-০২, ডাকঘর-চককাউরিয়া, উপজেলা-শ্রীবরদী, জেলা: শেরপুর। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার ০৪নং তাঁতীহাটি ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ : ১৩ কার্তিক ১৪৩০/২৯ অক্টোবর ২০২৩

নং ১০.০০.০০০০.১৩০.১১.০৬৪.২৩.৪৩৮—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ)-এর ৩

ধারায় অর্পিত ক্ষমতাবলে সিরাজগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব রুমানা ইয়াসমিন, পিতা- টি. এম রফিকুল আলম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ-এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ১৪ কার্তিক ১৪৩০/৩০ অক্টোবর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩০.১১.০৭২.২৩.৪৪০**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ)-৩ এর ধারায় অর্পিত ক্ষমতাবলে রাজবাড়ী জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মুহাম্মদ রোকনুজ্জামান, পিতা-মোঃ ইউসুফ জোয়াদ্দার, মাতা-বিলকিস নাহার বেগম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ-এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ১৫ কার্তিক ১৪৩০/৩১ অক্টোবর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩০.১১.০৬৩.২৩.৪৪২**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ)-এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব সুমি আক্তার, পিতা- আমির খান, মাতা-কুলসুম বেগম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ-এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**
**কোম্পানী-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ কার্তিক ১৪৩০ বঃ/০৭ নভেম্বর ২০২৩ খ্রিঃ

নং **১৪.০০.০০০০.০০৮.২৭.০৩১.২৩.১৪৫**—যেহেতু, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) কর্তৃক বাস্তবায়নাধী "৫জি'র উপযোগীকরণে বিটিসিএল এর অপটিক্যাল ফাইবার ট্রান্সমিশন নেটওয়ার্ক উন্নয়ন" শীর্ষক প্রকল্পের প্যাকেজ নং- OPTN SG 2022-23/GD-01-এর বিপরীতে আহবানকৃত "Tender of Supply Installation, Testing and Commissioning of ASON based DWDM Transmission System on Turn-key Basis" Tender-এর বিপরীতে মোট তিনটি প্রতিষ্ঠান এক ধাপ-দুই খাম-বিশিষ্ট দরপত্র দাখিল করে। পিপিআর ২০০৮-এর বিধি ৮ অনুসরণে BTCL -এর পরিচালনা পর্ষদ ৭ (সাত) সদস্যবিশিষ্ট মূল্যায়ন কমিটি গঠন করে। মূল্যায়ন কমিটি প্রাথমিক মূল্যায়নে (Preliminary Examination) এবং কারিগরি মূল্যায়নেও (Technical Examinations and Responsiveness) তিনটি দরপত্রকেই Responsive হিসেবে সুপারিশ করে। TEC-এর চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন ০৬-০৪-২০২৩ তারিখে প্রকল্প কার্যালয় প্রধান (HOPE) বরাবর প্রেরিত হয়;

২। যেহেতু, জনাব আসাদুজ্জামান চৌধুরী (২০৭৪), জিএম (ইঞ্জি), টেলিযোগাযোগ অধিদপ্তর, ঢাকা অতিরিক্ত দায়িত্বে বিটিসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক তথা HOPE এর দায়িত্বে ছিলেন। বিটিসিএল-এর ২১৩ তম বোর্ড সভায় তিনি নিজে ২টি দরপত্রকে Responsive মর্মে সভাকে অবহিত করেন। কিন্তু TEC হতে প্রাপ্ত ব্যাখ্যা সন্তোষজনক নয় উল্লেখপূর্বক তিনি সকল দরপত্রই বাতিলপূর্বক পিপিআর ২০০৮-এ বর্ণিত সময়সীমা ১৫ দিন না মেনে ৫৫ দিন পরে ০১-০৬-২০২৩ খ্রি. তারিখে পুনঃদরপত্র আহ্বানের সিদ্ধান্ত প্রদান করেন। যা তার এখতিয়ার বহির্ভূত কাজ।

৩। যেহেতু, জনাব আসাদুজ্জামান চৌধুরী ০১-০৬-২০২৩ খ্রি. তারিখে পুনঃদরপত্র আহ্বানের সিদ্ধান্ত প্রদান করেন। তিনি শুধুমাত্র কারিগরি প্রতিবেদন অনুমোদনকারী এবং তিনি অর্থ বিভাগের আর্থিক ক্ষমতা অর্পন প্রজ্ঞাপন অনুযায়ী অনুমোদনকারী কর্তৃপক্ষ না হয়েও এখতিয়ার বহির্ভূতভাবে দরপত্র বাতিল করেছেন;

৪। যেহেতু, কারিগরি মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন প্রক্রিয়ায় স্পষ্ট বিচ্যুতি পরিলক্ষিত হওয়ায় ত্রুটি বিচ্যুতিসমূহ সংশোধনপূর্বক PPA-2006 এবং PPR-2008 অনুসরণ করে নিষ্পত্তি করার জন্য বিটিসিএল-এর পরিচালনা পর্ষদের ২১৩ তম সভায় তাকে পরামর্শ প্রদান করা হয়, যা তিনি পরিপালন করেননি;

৫। যেহেতু, জনাব আসাদুজ্জামান চৌধুরী কর্তৃক দরপত্র বাতিলের এসব সিদ্ধান্ত বিধি-বহির্ভূত, অসৎ উদ্দেশ্যে করা হয়েছে মর্মে প্রতীয়মান হচ্ছে। তার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ২ (খ) (অ) (আ) (ই) (উ) মোতাবেক "অসদাচরণ", যা উক্ত বিধিমালার বিধি ৩ (খ) এবং (ঘ) অনুযায়ী দণ্ডযোগ্য অপরাধ।

৬। সেহেতু, জনাব আসাদুজ্জামান চৌধুরী (২০৭৪), জিএম (ইঞ্জিঃ), টেলিযোগাযোগ অধিদপ্তর, ঢাকা, সাবেক ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বিটিসিএল, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ১২(১) অনুযায়ী সাময়িক বরখাস্ত করা হলো।

৭। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোরশেদ জামান**
সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**নির্মাণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/০১ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৫৯.০০.০০০০.১৩১.৯৯.০০৭.২৩.১৫০**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন "ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট" শীর্ষক অপারেশনাল প্লান-(ওপি)-এর আওতায় নির্মিতব্য চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলাধীন "পশ্চিম ধলই ১০ শয্যাবিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র" এর নাম "ধলই শাহ্ জাহান শাহ্ (রঃ) ১০ শয্যাবিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র" হিসেবে নামকরণ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মফিজুল ইসলাম**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

**তারিখ : ১৯ অগ্রহায়ণ ১৪৩০/০৪ ডিসেম্বর ২০২৩**

**নং ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-১৭৯০—ময়মনসিংহ জেলার ত্রিশাল পৌরসভার মেয়র জনাব এ বি এম আনিছুজ্জামান স্বেচ্ছায় পদত্যাগ করায় সরকার তথা স্থানীয় সরকার বিভাগ কর্তৃক স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(গ) অনুযায়ী ময়মনসিংহ জেলার ত্রিশাল পৌরসভার মেয়র এর পদ ২৮ নভেম্বর ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-১৭৬২ নং প্রজ্ঞাপন মূলে শূন্য ঘোষণা করা হয়।**

**২। এমতাবস্থায়, ময়মনসিংহ জেলার ত্রিশাল পৌরসভার নতুন মেয়রের কার্যভার গ্রহণ না করা পর্যন্ত স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৪০(৩) অনুযায়ী সর্বশেষ পুনর্গঠিত মেয়রের প্যানেল হতে প্যানেল মেয়র-১-কে উক্ত পৌরসভার প্রশাসনিক ও আর্থিক ক্ষমতাসহ মেয়র এর দায়িত্ব অর্পণ করা হলো।**

**৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।**

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

মোঃ আব্দুর রহমান
**উপসচিব।**

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪৩০/২১ নভেম্বর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৩৬.১২-৪০৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব আব্দুল্লাহ আল মামুন, পিতা-আজিজুর রহমান, মাতা-নূরজাহান, গ্রাম-সেজামুড়া, ওয়ার্ড-০৭, ডাকঘর-মুকুন্দপুর-৩৪৫০, উপজেলা-বিজয়নগর, জেলা-ব্রাহ্মণবাড়িয়া এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর উপজেলার ১০নং পাহাড়পুর ইউনিয়নের ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।